# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৫১টি প্রতিষ্ঠানকে ২.৫৭ লক্ষ টাকা জরিমানা

**৩ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, শেরপুর, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, কুষ্টিয়া, কুড়িগ্রাম, নওগাঁ, ঝিনাইদহ, বাগেরহাট ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে পুষ্টি ডেইরী ফার্মকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে রাজধানী ফাস্ট ফুডকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সিয়াম কালেকশন, কসবা বেকারীক ও নাফিস ডিপার্টমেন্টকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের পাকুন্দিয়া ও কটিয়াদী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের নালিতাবাড়ী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও ভেজাল পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের জুড়ি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশাল মহানগরের বন্দর থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা ও অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আকাশ হোটেল এন্ড রেস্তোরাকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের চিলমারী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর নিয়ামতপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩১,০০০/- (একত্রিশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর ও কচুয়া উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৬,৬০০/- (ছয় হাজার ছয়শত)** টাকাসহ মোট **১,৪৯,১০০/- (এক লক্ষ উনপঞ্চাশ হাজার একশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কড়াই গোসতকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cocktails কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বাসিল রেস্টুরেন্টকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকি ও **৪টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫১টি** প্রতিষ্ঠানকে মোট **২,৫৭,৬০০/- (দুই লক্ষ সাতান্ন হাজার ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৪ জন** অভিযোগকারীকে মং **৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, সিভিল সার্জন, স্যানেটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, কিশোরগঞ্জ, শেরপুর, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, কুষ্টিয়া, কুড়িগ্রাম, নওগাঁ, ঝিনাইদহ, বাগেরহাট ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, কিশোরগঞ্জ, শেরপুর, সিলেট, মৌলভীবাজার, বরিশাল, কুষ্টিয়া, কুড়িগ্রাম, নওগাঁ, ঝিনাইদহ, বাগেরহাট ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।